ফাতওয়া নাম্বার:৩৫৪ প্রকাশকালঃ২৮-০৩-২০২৩ ইং

আবহাওয়াবিদদের দেওয়া আগাম সংবাদ কি বিশ্বাস করা যাবে?

প্রশ্নঃ

বর্তমানে ঝড় বৃষ্টির যে আগাম বার্তা দেওয়া হয় সেক্ষেত্রে আমাদের আকীদা কী হওয়া উচিত? এসব বিশ্বাস করা কি শিরক হবে?

-সাজিদ

উত্তরঃ

আবহাওয়াবিদরা ঝড় বৃষ্টির আগাম বার্তায় যা করেন, তা হচ্ছে, তাদের আবহাওয়া বিষয়ক শিক্ষা ও অভিজ্ঞতার আলোকে যখন ঝড় বৃষ্টির কোনো লক্ষণ বা পূর্বাভাস দেখেন, তখন বলেন, অমুক এলাকায় অমুক সময় ঝড় বৃষ্টি হতে পারে বা হওয়ার সম্ভাবনা আছে। ঝড় বৃষ্টি হওয়ার নিশ্চিত কোনও সংবাদ তারা দেন না। ঝড় বৃষ্টির এমন আগাম বার্তা আপনি আমি সকলেই কম-বেশি দিতে পারি। আকাশে যখন মেঘ জমে, তখন আমরা বলতে পারি এবং বলি, আজ বৃষ্টি হতে পারে। ঝড়ের লক্ষণ দেখে বলি, ঝড় হতে পারে। আবহাওয়াবিদদের মাঝে আর আমাদের মাঝে পার্থক্য হল, এ বিষয়ক পড়াশোনা অভিজ্ঞতা ও আধুনিক প্রযুক্তি ইত্যাদির কারণে ঝড় বৃষ্টির লক্ষণগুলো তারা আমাদের চেয়ে বেশি বুঝেন এবং আগে বুঝেন। এ কারণে আমাদের বুঝার আগেই তারা ঝড় বৃষ্টির সম্ভাবনার সংবাদ দিতে পারেন। এভাবে লক্ষণ দেখে ঝড় বৃষ্টির সম্ভাবনার সংবাদ দেওয়া এবং ঝড় বৃষ্টি হতে পারে মনে করার মধ্যে আকীদাগত কোনও সমস্যা নেই। -মুয়াত্তা মালিক: ১/১৯২ (দারু ইহইয়ায়িত তুরাসিল আরাবী); আত-তামহীদ: ২৪/৩৭৭ (ওযারাতুল আওকাফ, মরক্কো); মাজমুউল ফাতাওয়া: ২৪/২৫৫

(মাজমাউল মালিক ফাহাদ, মদীনা); ফাতাওয়াল লাজনাতিদ দায়িমা: ১/৬৩৫ (রিয়াসাতু ইদারাতিল বুহুসিল ইলমিয়্যাহ, রিয়াদ); দারুল ইফতা, জামিয়া ইসলামিয়্যাহ বিন্নুরী টাউন, করাচি, ফাতওয়া নং: ১৪৩১০১২০০৪৫৯

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৫-০৭-১৪৪৪ হি.

২৮-০১-২০২৩ ঈ.